

ফার্মেসি বিভাগে ‘কারিকুলাম ডেভেলোপমেন্ট’ শীর্ষক ওয়ার্কসপ অনুষ্ঠান



আজ (২৬ নভেম্বর, ২০১৮-সোমবার) ফার্মেসি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে বিভাগী কক্ষে ‘কারিকুলাম ডেভেলোপমেন্ট’ শীর্ষক ওয়ার্কসপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কসপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। ওয়ার্কসপে ফার্মেসি বিভাগের চেয়ারম্যান এবং বিভাগীয় SA কমিটির আহবায়ক অধ্যাপক ড. এ জেড এম রুহুল মোমেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক মো: সেলিম ভূঁইয়া, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, IQAC জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর পরিচালক অধ্যাপক ড. কামরুল আলম খান।



উক্ত অনুষ্ঠানে কি-নোট উপস্থাপন করেন আই ই আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর পরিচালক অধ্যাপক ড. মনিরা জাহান। ওয়ার্কসপটির সার্বিক পরিচালনার দায়িত্বে ছিলেন বিভাগীয় SA কমিটির সদস্য ড. সুকুমার বেপারী। এসময় বিভাগীয় শিক্ষক-শিক্ষিকাবৃন্দ ওয়ার্কসপে অংশগ্রহন করেন।